# ট্রাস্ট ব্যাংক পিএলসি

আর্মি স্টেডিয়াম শাখা (পূর্বনাম-রেডিসন ওয়াটার গার্ডেন হোটেল শাখা)
ঠিকানাঃ ক্যাপটেইনস্ ওয়াল্ড-২, বনানী, এয়ারপোর্ট রোড, ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা।

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

**(অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ১২(৩) ধারা অনুযায়ী)**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১। **জনাব মোঃ জাকের জাহান শুভ্র,** পিতাঃ এ. কে. এম আব্দুল মোক্তাদির ওরফে আব্দুল মোক্তাদির আমিন, মাতাঃ মোসাঃ নুরজাহান খাতুন ওরফে নুরজাহান খাতুন নুরী, **স্বত্তাধীকারী- মেসার্স লিভিংটেক্স,** ঠিকানা- বাসা নং- ০২, রোড নং- ০১, সেক্টর- ১৪, উত্তরা-১২৩০, ঢাকা এবং বাসা নং- ০৫, শাহ মাকদুম এভিনিউ, সেকশন- ১২, উত্তরা- ১২৩০, ঢাকা এবং দোকান নং- ৯৮/এ, আশরাফ সেতু শপিং কমপ্লেক্স, টংঙ্গী বাজার, গাজীপুর- ১৭০০ এবং প্লট নং- ৭৬৭, রোড নং- ২৩, ব্লক নং- এফ, বসুন্ধারা আবাসিক এলাকা, বাড্ডা, ঢাকা- ১২১২ এবং গ্রাম/ রোড- ২৩/ সি, পুরান মুন্সেফী কোয়াটার, ওয়ার্ড নং- ০৬, পোস্ট অফিস- হাবিগঞ্জ- ৩৩০০, থানা- হবিগঞ্জ সদর, জেলা- হবিগঞ্জ (বন্ধকদাতা, ঋণগ্রহীতা এবং জামিনদার) ২। জনাব মোঃ নাসিক জাহান সিয়াম, পিতাঃ এ. কে. এম আব্দুল মোক্তাদির ওরফে আব্দুল মোক্তাদির আমিন, মাতাঃ মোসাঃ নুরজাহান খাতুন ওরফে নুরজাহান খাতুন নুরী, ঠিকানা- বাসা নং- ০২, রোড নং- ০১, সেক্টর- ১৪, উত্তরা-১২৩০, ঢাকা এবং প্লট নং- ৭৬৭, রোড নং- ২৩, ব্লক নং- এফ, বসুন্ধারা আবাসিক এলাকা, বাড্ডা, ঢাকা- ১২১২ এবং গ্রাম/ রোড- ২৩/ সি, পুরান মুন্সেফী কোয়াটার, ওয়ার্ড নং- ০৬, পোস্ট অফিস- হবিগঞ্জ- ৩৩০০, থানা- হবিগঞ্জ সদর, জেলা- হবিগঞ্জ (বন্ধকদাতা এবং জামিনদার) এর নিকট খেলাপী ঋণ বাবদ বিগত ৩১/০৩/২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদসহ অত্র ব্যাংকের পাওনা সর্বমোট **৩,০৪,৮১,২৯৩.৪৪ (তিন কোটি চার লক্ষ একাশি হাজার দুই শত তিরানব্বই টাকা চুয়াল্লিশ পয়সা)** মাত্র এবং আদায়কালতক সুদ ও অন্যান্য খরচ আদায়ের নিমিত্তে অত্র ব্যাংকের অনুকূলে রেজিষ্ট্রীকৃত বন্ধকী দলিলমূলে বন্ধককৃত ও রেজিষ্ট্রীকৃত আম-মোক্তারনামা দলিল বলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি এবং তদউপরস্থিত বিল্ডিং/স্থাপনা/ সরঞ্জামাদিসহ (যেখানে যে অবস্থায় আছে) বিক্রয়ার্থে আগ্রহী ক্রেতাগণ হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে:

## নিলাম বিক্রয়ের শর্তাবলীসমূহ:

১। প্রত্যেক নিলাম ক্রেতা বা দরদাতা তার নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ঠ অক্ষরে নিলাম ক্রেতার/দাতার নাম, পিতার নাম, স্থায়ী এবং বর্তমান ঠিকানা, টেলিফোন নাম্বার, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, প্রস্তাবিত দর অংকে ও কথায় উল্লেখপূর্বক সীলমোহরকৃত খামে দরপত্র আগামী ১৩/০৫/২০২৬ ইং তারিখ বেলা ৩.৩০ ঘটিকার মধ্যে ট্রাস্ট ব্যাংক পিএলসি, আর্মি স্টেডিয়াম শাখা (পূর্বনাম-রেডিসন ওয়াটার গার্ডেন হোটেল শাখা), ঠিকানাঃ ক্যাপটেইনস্ ওয়াল্ড-২, বনানী, এয়ারপোর্ট রোড, ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা এ রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র সরাসরি জমা দিতে হবে অথবা রেজিস্ট্রিকৃত ডাক যোগে র্নিধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে এবং একই দিন বিকাল ৪.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। ২। দাখিলকৃত দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র প্রস্তাব উল্লেখ করতে হবে। ৩। প্রত্যেক দরদাতা, উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানতস্বরূপ যে কোন তফসীলভুক্ত ব্যাংক হতে ইস্যুকৃত ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে ট্রাস্ট ব্যাংক পিএলসি, আর্মি স্টেডিয়াম শাখা (পূর্বনাম-রেডিসন ওয়াটার গার্ডেন হোটেল শাখা) অনুকূলে দরপত্রের সাথে দাখিল করবেন। ৪। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হওয়ার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমূদয় মূল্য পরিশোধ করতে হবে, ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করতে পারবেন। ৫। উপরোক্ত ৪নং শর্তের অধীনে জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রের মূল্য সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দর দাতাকে সম্পত্তি নিলামে খরিদ করতে আহবান করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরুপ আহ্বানে সম্মত হলে তাকে অনুচ্ছেদ ৪নং শর্তে বর্ণিত র্নিধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করতে হবে, ব্যর্থতায় জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে। ৬। দরপত্র দাতা এক বা একাধিক তফসিলভুক্ত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারবেন। তবে একই তফসিলভূক্ত সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহণযোগ্য হবে না। ৭। দরপত্র জমা দেওয়ার পর নিলামকৃত তফসিল সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্ত্বের দলিলপত্র সংক্রান্ত কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হবেনা এবং ব্যাংকে রক্ষিত সম্পত্তির মালিকানা সম্পর্কিত প্রয়োজনীয় কাগজপত্র যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় দরপত্র দাতাকে হস্তান্তর করা হবে। এর অতিরিক্ত কোন কাগজপত্র প্রয়োজন হলে নিলাম ক্রেতাকে নিজ দায়িত্বে এবং নিজ খরচে তা সংগ্রহ করতে হবে। ৮। দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করতে পারবেন। ৯। ব্যাংক কর্তৃক বিবেচিত বিজয়ী সর্বোচ্চ দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিল মূলে হস্তান্তর করা হবে। সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয় সংক্রান্ত সম্পত্তির ট্যাক্স-ভ্যাটসহ অন্যান্য যাবতীয় খরচ নিলাম ক্রেতাকে বহন করতে হবে। ১০। তফসিলভূক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করবে না। ১১। সম্পত্তির দখল সংক্রান্ত যাবতীয় প্রক্রীয়া ও ব্যায়ভার নিলাম ক্রেতাকে বহন করতে হবে। ১২। দরপত্রের মাধমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করতে পারবেন। ১৩। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। দরপত্র গৃহীত না হলে জামানতের টাকা ফেরত দেয়া হবে। তবে বাতিল বা গৃহিত জামানতের জন্য কোন ক্ষতিপূরণ প্রদান করা হবে না।

**SCHEDULE OF THE PROPERTY**

All that piece and parcel of land of measuring an area of 30.50 (Thirty point Five Zero) decimals situated within District – Hobiganj . Police Station & Sub- Registry Office –Hobiganj Sadar, Mouza Sultan Mamodpur, J.L. Nos. S.A. & R.S. 17, S.A. Khatian No. 2831, R.S. Khatian Nos. 4201. Mutation Khatian No. 5877, Mutation & Separation Case No. 5042 /15-16 dated 11.07.2016, jote No. 5633, S.A. Plot No. 8178/9308, R.S. Plot Nos. 2226 & 2227, being butted and bounded by- On the North: Ashraf Uddin Ahammad Khelon Polash Dash; On the South: Sahab Uddin Ahammad, Shudheer Rai & Road; On the East: Rampur Mouza; On the West: Polash Dash, Horipad Deb, Shudhreer Rai, Olok Rai; Along with all other structures and building constructed and to be constructed thereon together with all other rights, interests, titles, easements, benefits etc attached there to or appertaining to the land.

**ধন্যবাদান্তে, শাখা ব্যবস্থাপক, ট্রাস্ট ব্যাংক পিএলসি, আর্মি স্টেডিয়াম শাখা (পূর্বনাম-রেডিসন ওয়াটার গার্ডেন হোটেল শাখা)।**
**মোবাইল- ০১৭৭০২৭২৬২৬ এবং ০১৭২৯০৬৯৫৫০**

Size 7 x 3 Column
Pub: 21/04/2026 | Pary: M/s. Livingtex
Branch: Army Stadium Branch